



জেলা পরিষদ  
রাজশাহী  
www.zprajshahi.gov.bd



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-জেপরা/২০২১-২০২২/১৫৮৯

তারিখ : ১০/১১/২০২১ খ্রিঃ।


“ ঝড়ে ভাঙ্গা একটি গাছ বিক্রয়ের প্রকাশ্য নিলাম বিজ্ঞপ্তি ”

এতদ্বারা সর্বসাধারণ/স'মিল ব্যবসায়ী/প্রকৃত কাঠ ব্যবসায়ী/ প্রকৃত ট্রেড লাইসেন্সধারী ব্যবসায়ীগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগের নির্দেশিকা অনুযায়ী গঠিত কমিটি সভায় গাছের মূল্য নির্ধারণ এবং জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক রাজশাহী জেলা পরিষদ, রাজশাহী মালিকানাধীন সারদা পাইলট হাইস্কুল গেটের সামনের ঝড়ে ভেঙ্গে পড়া একটি পুরাতন কড়ই গাছ প্রকাশ্য নিলামের মাধ্যমে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে বিক্রয় করা হবে।

প্রকাশ্য নিলামের তারিখ, সময় এবং স্থান	ঝড়ে ভাঙ্গা কড়ই গাছের অবস্থান
তারিখ : ১৮.১১.২০২১, সময় : বেলা ১১.০০ টা স্থান : জেলা পরিষদ কার্যালয়, রাজশাহী।	সারদা পাইলট হাইস্কুল গেটের সামনের ঝড়ে ভেঙ্গে পড়া একটি পুরাতন কড়ই গাছ।

প্রকাশ্য নিলামের শর্তাবলী:

- ১। নিলাম ডাকে অংশ গ্রহণকারীকে বর্ণিত গাছ (যে অবস্থায় আছে) নিজ দায়িত্বে পরিদর্শন করে ডাকে অংশ গ্রহণ করতে হবে।
- ২। প্রকাশ্য নিলাম ডাকে অংশ গ্রহণকারীকে সরকারী মূল্যের ২৫% অর্থ কর্তৃপক্ষের নিকট জমা প্রদান করে নিলাম ডাকে অংশ গ্রহণ করতে হবে। অন্যথায় নিলাম ডাকে অংশ গ্রহণ করা যাবে না।
- ৩। সর্বোচ্চ ডাককারীকে ডাকের সমুদয় টাকা এবং ডাকের ৫% আয়কর এবং ১৫% ভ্যাট এর টাকা সাথে সাথেই পরিশোধ করতে হবে।
- ৪। কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে সর্বোচ্চ ডাককারীর অনুকূলে কার্যাদেশ প্রদান করা হবে।
- ৫। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরিক্তে এই নিলাম ডাক বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

  
মুঃ রেজাুল করিম

প্রধান নির্বাহী কর্মকর্তা (ভাঃ)  
জেলা পরিষদ, রাজশাহী।  
০৭২১-৭৭৬৩৪৮(অফিস)  
ইমেইল- zprajshahi@gmail.com

স্মারক নং: জেপরা/২০২১-২০২২/ ১৫৮৯(৬)


তারিখ: ১০/১১/২০২১ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি জন্য প্রেরণ করা হলো:

- ০১। পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ০২। জেলা প্রশাসক, রাজশাহী।
- ০৩। পুলিশ সুপার, রাজশাহী।

অনুলিপি সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের লক্ষ্যে প্রেরণ করা হলো:

- ০৪। উপজেলা নির্বাহী অফিসার, চারঘাট, রাজশাহী।
- ০৫। সংরক্ষিত সদস্য-৫, জেলা পরিষদ, রাজশাহী।
- ০৬। সাধারণ সদস্য-১৪, জেলা পরিষদ, রাজশাহী।
- ০৭। চেয়ারম্যান এর ব্যক্তিগত সহকারী, জেলা পরিষদ, রাজশাহী (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৮। অত্র অফিস নোটিশ বোর্ড

  
প্রধান নির্বাহী কর্মকর্তা  
জেলা পরিষদ, রাজশাহী।